

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.১২.০০৩.১৭-১০৯২

তারিখঃ ০৬ আশ্বিন ১৪৩০
২১ সেপ্টেম্বর ২০২৩

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৩-০২-২০১৯ তারিখের এস.আর.ও. নম্বর: ৪২-আইন/২০১৯ এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৮-০৯-২০২৩ তারিখের ৮০.০০.০০০০.১১৩.১২.০২১.২৩-১৬৩ নম্বর স্মারকের সুপারিশক্রমে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নিম্নোক্ত কর্মচারীকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ৯ম গ্রেডের ২২০০০-৫৩০৬০/- টাকা বেতনক্রমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে “সহকারী প্রোগ্রামার” পদে অস্থায়ীভাবে পদোন্নতি প্রদান করা হলোঃ

ক্রম	জ্যেষ্ঠতা নম্বর	নাম ও পদবী	সুপারিশকৃত পদের নাম ও গ্রেড
০১.	০১	জনাব মোঃ সাইফুল ইসলাম কম্পিউটার অপারেটর	সহকারী প্রোগ্রামার (৯ম গ্রেড)

শর্তাবলীঃ


- (ক) সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর ৬(১)(খ) বিধি মোতাবেক পদোন্নতি প্রাপ্ত সহকারী প্রোগ্রামার পদে ১ (এক) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিশকাল অতিরিক্ত আরো ১ (এক) বছর বৃদ্ধি করতে পারবেন;
- (খ) একই বিধিমালার ৬(৪) বিধি মোতাবেক শিক্ষানবিশ থাকাকালীন সরকারি আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণ হবে, সে পরীক্ষায় উত্তীর্ণ বা প্রশিক্ষণ গ্রহণ সাপেক্ষে তার চাকরি স্থায়ী করা হবে;
- (গ) একই বিধিমালার ৬(২) বিধি মোতাবেক শিক্ষানবিশ থাকাকালীন সময়ে তার আচরণ এবং কর্ম সন্তোষজনক মর্মে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাকে পূর্বতন পদে পদাবনতি (Revert) করতে পারবেন; এবং
- (ঘ) শিক্ষানবিশ মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর সংশ্লিষ্ট নিয়োগবিধিতে বর্ণিত অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে তার চাকরি স্থায়ী করা হবে।
০২. এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

সিনিয়র সিস্টেম এনালিস্ট

- সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সংমেঃ ই-১/ সংমেঃ ই-২
- নথি

ডায়েরি নং: ২০২৬
২১/৯/২৩

রাষ্ট্রপতির আদেশক্রমে


২১.০৯.২০২৩
(মোঃ দেলোয়ার হোসেন)

সহকারী সচিব

ফোনঃ ৯৫১৩৩৩৪

ই-মেইলঃ sasadmin@rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.১২.০০৩.১৭-১০৯২

তারিখঃ ০৬ আশ্বিন ১৪৩০
২১ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৭। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। হিসাব নিরীক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১০। জনাব মোঃ সাইফুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১১। যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।